

তারিখ : 30/06/2016

মনোনীত আর বি আই কার্যালয়ে, জুলাই 01, 2016 তারিখ থেকে 2005 পূর্ববর্তী ব্যাংক নোটের বিনিময়

ভারতীয় রিজার্ভ ব্যাংক লক্ষ্য করেছে যে 2005 পূর্ববর্তী ব্যাংক নোটের বেশীরভাগ অংশই বাজার থেকে প্রত্যাহার করা হয়েছে এবং এই নোটের সামান্য শতাংশই বাজারে প্রচলিত রয়ে গেছে। সেইহেতু, একটি সমীক্ষার পর, রিজার্ভ ব্যাংক সিদ্ধান্ত নিয়েছে যে জুলাই 01, 2016 তারিখ থেকে 2005- পূর্ববর্তী ব্যাংক নোট বিনিময় করার সুবিধা পাওয়া যাবে শুধুমাত্র ভারতীয় রিজার্ভ ব্যাংকের নিম্নলিখিত কার্যালয়ে:

আহমেদাবাদ, বেঙ্গালুরু, বেলাপুর, ভোপাল, ভুবনেশ্বর, চণ্ডীগড়, চেন্নাই, গুয়াহাটী, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কোলকাতা, লক্ষ্ণৌ, মুম্বাই, নাগপুর, নিউ দিল্লী, পাটনা, তিরুভানন্তপুরম এবং কোচি

ভারতীয় রিজার্ভ ব্যাংক 2015 সালের ডিসেম্বর মাসে স্থির করেছিল যে জনসাধারণের জন্য নির্ধারিত ব্যাংক শাখা ও ভারতীয় রিজার্ভ ব্যাংকের নির্গম কার্যালয় থেকে 2005 পূর্ববর্তী ব্যাংক নোটের বিনিময় করার শেষ তারিখ হবে জুন 30, 2016।

ভারতীয় রিজার্ভ ব্যাংক এই নিশ্চয়তাও জ্ঞাপন করেছে যে এই 2005 পূর্ববর্তী ব্যাংক নোট গুলির আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

ভারতীয় রিজার্ভ ব্যাংক ব্যক্ত করেছে যে একি সময়ে বিভিন্ন সার্বস্বত্ব ব্যাংকনোট বাজারে প্রচলিত না রাখা একটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রচলনা

এই ব্যাংকনোটগুলিকে বাজার থেকে প্রত্যাহার করার কাজে সাধারণ জনগণের কাছ থেকে সহযোগিতা প্রার্থনা করে ভারতীয় রিজার্ভ ব্যাংক আশা প্রকাশ করেছে যে সাধারণ জনগণ তাঁদের সুবিধা অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাংকের উপরোক্ত কার্যালয় থেকে 2005 পূর্ববর্তী ব্যাংকনোটগুলির বিনিময় করে নেবেন। ভারতীয় রিজার্ভ ব্যাংক পদ্ধতিটির উপর সমীক্ষা ও নজরদারী বজায় রাখছে যাতে সাধারণ জনগণ কোনভাবে অসুবিধার সম্মুখীন না হন।

আল্লনা কিল্লাওয়াল

প্রেস প্রকাশনী: 2015-2016/3051

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

সম্পর্কিত প্রেস প্রকাশনী / বিজ্ঞপ্তি	
ফেব্রুয়ারী 11, 2016	2005 সালের পূর্বে জারি করা পুরনো সার্বস্বত্ব সমস্ত ব্যাংকনোটের প্রত্যাহার
ডিসেম্বর 23, 2015	2005 পূর্ববর্তী ব্যাংকনোটগুলির বিনিময় করা যাবে জুন 30, 2016 পর্যন্ত
জুন 25, 2015	আর বি আই 2005 পূর্ববর্তী ব্যাংকনোটগুলির বিনিময় করার শেষ তারিখ পিছিয়ে দিল
ডিসেম্বর 23, 2014	জুন 30, 2016 তারিখের আগে 2005 পূর্ববর্তী ব্যাংকনোটগুলিকে গ্রাহকের ব্যাংক অ্যাকাউন্টে জমা করা: জনসাধারণের কাছ থেকে আর বি আই- এর অনুরোধ
মার্চ 03, 2014	আর বি আই 2005 পূর্ববর্তী ব্যাংকনোটগুলির বিনিময় করার শেষ তারিখ জানুয়ারী 01, 2015 পর্যন্ত পিছিয়ে দিল
জানুয়ারী 24, 2014	2005 সালের পূর্বে জারি করা ব্যাংকনোটগুলি প্রত্যাহার করা হবে – আর বি আই স্পষ্টীকরণ
জানুয়ারী 22, 2014	2005 সালের পূর্বে জারি করা ব্যাংকনোটগুলি প্রত্যাহার করা হবে: আর বি আই উপদেশক